দৈনিক আমাদের সময়

তারিখ: 24 AUG 2017 পৃষ্ঠা: ২ কলাম: ৪

# ১৩ শিক্ষক কারাগারে

চট্টগ্রাম ব্যুরো ● রাষ্ট্রদ্রোহ মামলায় চট্টগ্রামের বাঁশখালীতে ১৩ শিক্ষককে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে এক ইউপি চেয়ারম্যানের সঙ্গে তুলনা করে পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়নের অভিযোগে তাদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা হয়েছিল। গতকাল বুধবার দুপুরে বাঁশখালীর জ্যেষ্ঠ বিচারিক হাকিম মো. সাজ্জাদ হোসেন এ আদেশ এরপর পৃষ্ঠা ১১, কলাম ৬

## ১৩ শিক্ষক কারাগারে

(প্রথম পৃষ্ঠার পর) দেন। জামিন নামঞ্জুর হওয়া শিক্ষকরা হলেন– দুকুল বড়ুয়া, মো. তাহেরুল ইসলাম, মোহাম্মদ মিয়া, আবুল কালাম, বাদল চন্দ্র দাশ, মোহাম্মদ ইউসুফ, শ্যামল কান্তি দে, অজিভ কারণ, এম ওয়াইজ উদ্দীন, মোহাম্মদ আলী, আমির হোসেন, বিজন ভট্টাচার্য ও এএইচএম সৈয়দ হোসেন।

আদালত সূত্র জানায়, চলতি বছরের এপ্রিল মাসে অনুষ্ঠিত মাধ্যমিক বিদ্যালয়ের অষ্টম শ্রেণির 'বাংলাদেশ ও বিশ্ব পরিচয়' বিষয়ে জাতির জনক বঙ্গবন্ধু' শেখ মুজিবুর রহমানের সঙ্গে কয়লা বিদ্যুৎ প্রকল্প নির্মাণবিরোধী বিএনপি নেতা লিয়াকত আলীর তুলনা করে প্রশ্ন তৈরি করা হয়। প্রথম সাময়িক পরীক্ষার ওই প্রশ্নপত্র পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করে পরীক্ষাও নেওয়া হয়।

যথারীতি ওই দিন পরীক্ষা শেষে তাৎক্ষণিক সামাজিক গণমাধ্যমে বিষয়টি নিয়ে প্রতিবাদের ঝড় ওঠে। প্রশ্নপত্র তৈরি করার সঙ্গে যুক্ত বাঁশখালী বঙ্গবন্ধু উচ্চ বিদ্যালয়ের শিক্ষক দুকুল বড়ুয়াকে উপজেলা নির্বাহী কর্মকর্তা পুলিশে সোপর্দ করেন। পরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে দক্ষিণ চট্টগ্রামের ছয় উপজেলার মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি ও সম্পাদকসহ প্রশ্ন তৈরির সঙ্গে সংশ্লিষ্টদের আসামি করে রাষ্ট্রদ্রোহ মামলা করে রাষ্ট্রপক্ষ। মামলার পর ১৩ শিক্ষক উচ্চ আদালত থেকে তিন মাসের আগাম জামিন পান।

বাঁশখালী থানার ওসি মো. আলমগীর হোসেন বলেন, আজ (বুধবার) আগাম জামিনের মেয়াদ শেষ হওয়ায় পুনরায় নিম্ন আদালতে হাজির হয়ে জামিন আবেদন করেন আসামি ১৩ শিক্ষক। শুনানি শেষে আদালত ১৩ শিক্ষকের জামিন আবেদন নামঞ্জুর করেন। ১৩ শিক্ষকের মধ্যে চট্টগ্রামের ছয় উপজেলা শিক্ষক সমিতির সভাপতি-সাধারণ সম্পাদকসহ ১২ জন এবং একজন প্রশ্নপত্র প্রণয়নকারী রয়েছেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............
তারিখ.............

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর